

জন্মদিনে

রবীন্দ্রনাথ ঠাকুর



VISVA—BHARATI

/30966

LIBRARY.

বিশ্বভারতী গ্রন্থালয় ২ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় স্টাট। কলিকাতা প্রকাশ: ১ বৈশাথ ১৩৪৮

পুনর্মুদ্রণ: মাঘ ১৩৪৯, আষাঢ় ১৩৫১, প্রাবণ ১৩৫৩

२० देवनाथ २००२, २० देवनाथ २७७२, छाज २७७८

२৫ देवनाथ ১७७१ : ३৮৮२ नक

	পৃষ্ঠাৰ
অপরাহে এদেছিল জন্মবাসরের আমন্ত্রণে	36
আজি জন্মবাসরের বক্ষ ভেদ করি	59
আরবার ফিরে এল উৎসবের দিন	>5
করিয়াছি বাণীর সাধনা	2 @
কাল প্রাতে মোর জন্মদিনে	5@
কালের প্রবল আবর্তে প্রতিহত	₹ 8
क िन मः मात्र	(3)
জন্মবাসরের ঘটে	>>
জীবনবহনভাগ্য নিত্য আশীর্বাদে	g o
জীবনের আশি বর্ষে প্রবেশিন্ন যবে	> 5
তোমাদের জানি, তবু তোমরা যে দূরের মান্ত্য	36
দামামা ঐ বাজে	૭ ९
নদীর পালিত এই জীবন আমার	@ 9
নানা ত্ঃখে চিত্তের বিক্ষেপে	৩৭
পাহাড়ের নীলে আর দিগন্তের নীলে	دی
পোড়ো বাড়ি, শৃত্য দালান	@ 5
ফুলদানি হতে একে একে	88
বয়স আমার বুঝি হয়তো তথন হবে বারে।	5
বহু জন্মদিনে গাঁথা আমার জীবনে	દ
বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি	२०
বিশ্বধরণীর এই বিপুল কুলায়	(3)
মনে পড়ে, শৈলতটে তোমাদের নিভূত কুটির	৩২
মনে ভাবিতেছি, যেন অসংখ্য ভাষার শব্দরাজি	8 2

	পৃষ্ঠাক
মোর চেতনায়	36-
রক্তমাখা দম্ভপংক্তি হিংশ্র সংগ্রামের	8 4
সেদিন আমার জন্মদিন	9
সেই পুরাতন কালে ইতিহাস যবে	99
সিংহাসনতলচ্ছায়ে দুরে দুরাস্তরে	85-
স্ষিলীলাপ্রাঙ্গবের প্রান্তে দাড়াইয়া	२ रु

जन्मि दन

সেদিন আমার জন্মদিন। প্রভাতের প্রণাম লইয়া উদয়দিগস্ত-পানে মেলিলাম আঁখি, দেখিলাম সত্যস্নাত উষা वाँकि पिन वालाकिन्पनल्था হিমাজির হিমশুল্র পেলব ললাটে। যে মহাদুরত্ব আছে নিখিল বিশ্বের মর্মস্থানে তারি আজ দেখিমু প্রতিমা গিরীন্দের সিংহাসন-'পরে। পরম গান্তীর্যে যুগে যুগে ছায়াঘন অজ্ঞানারে করিছে পালন পথহीन মহারণ্য-মাঝে, অভভেদী স্থূদুরকে রেখেছে বেষ্টিয়া হুর্ভেগ্ন হুর্গমতলে উদয়-অস্তের চক্রপথে। আজি এই জন্মদিনে দূরত্বের অমুভব অস্তরে নিবিড় হয়ে এল।

যেমন স্থার ঐ নক্ষত্রের পথ
নীহারিকাজ্যোতির্বাষ্প-মাঝে
রহস্থে আর্ত,
আমার গুরত্ব আমি দেখিলাম তেমনি হুর্গমে—
অলক্ষ্য পথের যাত্রী, অজ্ঞানা তাহার পরিণাম।
আজি এই জন্মদিনে
গুরের পথিক সেই তাহারি শুনিমু পদক্ষেপ
নির্জন সমুদ্রতীর হতে॥

উদয়ন। শাস্তিনিকেতন ২১ ফেব্রুয়ারি ১৯৪১ সকাল वरू खग्रामितन गाँथा आभाव जीवतन দেখিলাম আপনারে বিচিত্র রূপের সমাবেশে। একদা নৃতন বর্ষ অতলান্ত সমুদ্রের বুকে মোরে এনেছিল বহি তরজের বিপুল প্রলাপে দিক হতে যেথা দিগন্তরে শৃত্य नीनिমার 'পরে শৃত্য नीनिমায় ভটকে করিছে অস্বীকার। সেদিন দেখিমু ছবি অবিচিত্র ধরণীর— সৃষ্টির প্রথম রেখাপাতে क्रमभग्न जियार यदव প্রতিদিন সূর্যোদয়-পানে আপনার খুঁজিছে সন্ধান। প্রাণের রহস্থ-ঢাকা তরজের যবনিকা-'পরে टिएय टिएय ভाविनाम, এখনো হয় নি খোলা আমার জীবন-আবরণ--मम्भूर्ग या जामि রয়েছে গোপনে অগোচর। नव नव जन्मि पिटन যে রেখা পড়িছে আঁকা শিল্পীর তুলির টানে টানে ফোটে নি তাহার মাঝে ছবির চরম পরিচয় শুধু করি অমুভব, চারি দিকে অব্যক্তের বিরাট প্লাবন বেষ্টন করিয়া আছে দিবসরাতিরে॥

উদয়ন। শান্তিনিকেতন ২০ ফেব্রুয়ারি ১৯৪১ বিকাল

জন্মবাসরের ঘটে नाना তীर्थ পুণ্যতীর্থবারি করিয়াছি আহরণ, এ কথা রহিল মোর মনে। এकमा शिर्योছ िन प्राम, অচেনা যাহারা मनार्छ पिरय़ हिरू 'क्रिय वायापित हिना' व'ला। थरम পড़ে शिरां ছिल कथन পরের ছদ্মবেশ ; দেখা দিয়েছিল তাই অস্তরের নিত্য যে মানুষ; অভাবিত পরিচয়ে ञानत्मत वाँध फिल थूटन। ধরিমু চিনের নাম, পরিমু চিনের বেশবাস। এ কথা বুঝিন্থ মনে, यिथात्नरे वक्नु পारे मिथात्नरे नवक्रम घर्षे। আনে সে প্রাণের অপূর্বতা। विष्नि कृत्नत्र वरन अकाना कुन्नम कृत्व थारक— विदिनी তাহার নাম, বিদেশে তাহার জন্মভূমি, আত্মার আনন্দক্ষেত্রে তার আত্মীয়তা অবারিত পায় অভ্যর্থনা॥

উদয়ন। শাস্তিনিকেতন ২১ ফেব্রুয়ারি ১৯৪১ সকাল আরবার ফিরে এল উৎসবের দিন।
বসন্তের অজন্র সম্মান
ভরি দিল তরুশাখা কবির প্রাঙ্গণে
নব জন্মদিনের ডালিতে।
রুদ্ধ কক্ষে দূরে আছি আমি—
এ বৎসরে রুথা হল পলাশবনের নিমন্ত্রণ।
মনে করি, গান গাই বসন্তবাহারে।
আসন্ন বিরহস্বপ্র ঘনাইয়া নেমে আসে মনে।
জানি, জন্মদিন
এক অবিচিত্র দিনে ঠেকিবে এখনি,
মিলে যাবে অচিহ্নিত কালের পর্যায়ে।
পুষ্পবীথিকার ছায়া এ বিষাদে করে না করুণ,
বাজে না শ্বৃতির ব্যথা অরণ্যের মর্মরে গুঞ্জনে।
নির্মম আনন্দ এই উৎসবের বাজাইবে বাঁশি
বিচ্ছেদের বেদনারে পথপার্ষে ঠেলিয়া ফেলিয়া

উদয়ন। শান্তিনিকেতন ২১ ফেব্রুয়ারি ১৯৪১ তৃপুর

कीवत्नत्र व्यामि वर्ष প্রবেশিন্ন যবে এ বিস্ময় মনে আজ জাগে— লক্ষকোটি নক্ষত্রের অগ্নিনির্বরের যেথা নিঃশব্দ জ্যোতির বক্যাধারা ছুটেছে অচিন্ত্য বেগে নিরুদ্দেশ শৃহ্যতা প্লাবিয়া मिटक मिटक, তমোঘন অন্তহীন সেই আকাশের বক্ষস্তলে অকস্মাৎ করেছি উত্থান অসীম স্প্রির যজ্ঞে মুহূর্তের ক্লুলিক্সের মতো धातावाशै भाजाकीत रेजिराम। এসেছি সে পৃথিবীতে যেথা কল্প কল্প ধরি প্রাণপঙ্ক সমুদ্রের গর্ভ হতে উঠি জড়ের বিরাট অঙ্কতলে উদ্ঘাটিল আপনার নিগৃ আশ্চর্য পরিচয় শাখায়িত রূপে রূপান্তরে। অসম্পূর্ণ অন্তিত্বের মোহাবিষ্ট প্রদোষের ছায়া আচ্ছন্ন করিয়া ছিল পশুলোক দীর্ঘ যুগ ধরি কাহার একাগ্র প্রতীক্ষায়; অসংখ্য দিবসরাত্রি-অবসানে মস্থরগমনে এল माञ्च প্রাণের রঙ্গভূমে;

न्छन न्छन मीপ একে একে উঠিতেছে জ্বলে, नृजन नृजन व्यर्थ लिखिए राशी; অপূর্ব আলোকে মানুষ দেখিছে তার অপরূপ ভবিয়োর রূপ, পৃথিবীর নাট্যমঞে অঙ্কে অঙ্কে চৈত্তফোর ধীরে ধীরে প্রকাশের পালা-আমি সে নাট্যের পাত্রদলে পরিয়াছি সাজ। আমারো আহ্বান ছিল যবনিকা সরাবার কাজে, এ আমার পরম বিস্ময়। সাবিত্রী পৃথিবী এই, আত্মার এ মর্তনিকেতন, আপনার চতুর্দিকে আকাশে আলোকে সমীরণে ভূমিতলে সমুদ্রে পর্বতে কী গৃঢ় সংকল্প বহি করিতেছে সূর্যপ্রদক্ষিণ— সে রহস্তস্থতে গাঁথা এসেছিত্র আশি বর্ষ আগে, **চলে** যাব কয় বর্ষ পরে॥ •

কাল প্রাতে মোর জন্মদিনে এ শৈল-আতিথাবাসে বুদ্ধের নেপালী ভক্ত এসেছিল মোর বার্তা শুনে। ভূতলে আসন পাতি বুদ্ধের বন্দনামন্ত্র শুনাইল আমার কল্যাণে— গ্রহণ করিমু সেই বাণী। এ ধরায় জন্ম নিয়ে যে মহামানব সব মানবের জন্ম সার্থক করেছে একদিন, মানুষের জন্মক্ষণ হতে नाताय्यी ७ धत्री যাঁর আবিভাব লাগি অপেক্ষা করেছে বহু যুগ, যাঁহাতে প্রত্যক্ষ হল ধরায় সৃষ্টির অভিপ্রায়, खलकरन श्नामख তাঁহারে স্মরণ করি জানিলাম মনে— প্রবেশি মানবলোকে আশি বর্ষ আগে এই মহাপুরুষের পুণ্যভাগী হয়েছি আমিও॥

অপরাত্নে এসেছিল জন্মবাসরের আমন্ত্রণে
পাহাড়িয়া যত।
একে একে দিল মোরে পুম্পের মঞ্চরি
নমস্কার-সহ।
ধরণী লভিয়াছিল কোন্ ক্ষণে
প্রস্তর-আসনে বসি
বন্থ যুগ বহ্নিতপ্ত তপস্থার পরে এই বর—
এ পুম্পের দান
মান্তবের জন্মদিনে উৎসর্গ করিবে আশা করি।
সেই বর, মান্তবেরে স্থন্দরের সেই নমস্কার
আজি এল মোর হাতে
আমার জন্মের এই সার্থক স্মরণ।
নক্ষত্রে-খচিত মহাকাশে
কোথাও কি জ্যোতিঃসম্পদের মাঝে
কথনো দিয়েছে দেখা এ তুর্লভ আশ্চর্য সন্মান।

আজি জন্মবাসরের বক্ষ ভেদ করি
প্রিয়মৃত্যুবিচ্ছেদের এসেছে সংবাদ;
আপন আগুনে শোক দগ্ধ করি দিল আপনারে,
উঠিল প্রদীপ্ত হয়ে।
সায়াহ্নবেলার ভালে অস্তসূর্য দেয় পরাইয়া
রক্তোজ্জল মহিমার টিকা,
অর্ণময়ী করে দেয় আসন্ন রাত্রির মুখঞ্জীরে,
তেমনি জ্বলস্ত শিখা মৃত্যু পরাইল মোরে
জীবনের পশ্চিমসীমায়।

আলোকে তাহার দেখা দিল
অথগু জীবন, যাহে জন্মমৃত্যু এক হয়ে আছে।
সে মহিমা উদ্বারিল যাহার উজ্জ্বল অমরতা
কুপণ ভাগ্যের দৈয়ে দিনে দিনে রেখেছিল ঢেকে॥

29

মোর চেতনায় আদিসমুজের ভাষা ওঙ্কারিয়া যায়; অর্থ তার নাহি জানি, আমি সেই বাণী। শুধু ছলছল কলকল ; শুধু সুর, শুধু নৃত্য, বেদনার কলকোলাহল; শুধু এ সাঁতার— কখনো এ পারে চলা, কখনো ও পার, কখনো বা অদৃশ্য গভীরে, কভু বিচিত্রের তীরে তীরে। ছন্দের তরঙ্গদোলে कछ य रेक्रिड ज्की क्वर्श खर्ठ, ज्वरम यांग्र हरन। স্তব্ধ মৌনী অচলের বহিয়া ইশারা নিরন্তর স্রোতোধারা অজানা সম্মুখে ধায়, কোথা তার শেষ क कारन উप्लम। व्यात्नाहाया करन करन नित्य याय ফিরে ফিরে স্পর্শের পর্যায়। कञ्च मृद्र कथरना निकर्ष প্রবাহের পটে

মহাকাল হুই রূপ ধরে
পরে পরে
কালো আর সাদা।
কোলি দক্ষিণে বামে প্রকাশ ও প্রকাশের বাধা
অধরার প্রতিবিম্ব গতিভঙ্গে যায় এঁকে এঁকে,
গতিভঙ্গে যায় ঢেকে ঢেকে॥

বিপুলা এ পৃথিবীর কতচুকু জানি।
দেশে দেশে কত-না নগর রাজধানী—
মানুষের কত কীর্তি, কত নদী গিরি সিন্ধু মরু,
কত-না অজানা জীব, কত-না অপরিচিত তরু
রয়ে গেল অগোচরে। বিশাল বিশ্বের আয়োজন;
মন মোর জুড়ে থাকে অতি কুল্র তারি এক কোণ।
সেই ক্লোভে পড়ি গ্রন্থ অমণর্ত্তান্ত আছে যাহে
অক্ষয় উৎসাহে—
যেথা পাই চিত্রময়ী বর্ণনার বাণী
কুড়াইয়া আনি।
জ্ঞানের দীনতা এই আপনার মনে
পূর্ণ করিয়া লই যত পারি ভিক্ষালন্ধ ধনে।

আমি পৃথিবীর কবি, যেথা তার যত উঠে ধ্বনি
আমার বাঁশির স্থরে সাড়া তার জাগিবে তথনি,
এই স্বরসাধনায় পৌছিল না বহুতর ডাক—
রয়ে গেছে ফাঁক।
কল্পনায় অনুমানে ধরিত্রীর মহা একতান
কত-না নিস্তরক্ষণে পূর্ণ করিয়াছে মোর প্রাণ।
হর্গম তুষারগিরি অসীম নিঃশব্দ নীলিমায়
অঞ্চত যে গান গায়

আমার অস্তরে বার বার
পাঠায়েছে নিমন্ত্রণ তার।
দক্ষিণমেক্সর উধ্বে যে অজ্ঞাত তারা
মহাজনশৃহাতায় রাত্রি তার করিতেছে সারা,
সে আমার অর্ধরাত্রে অনিমেষ চোখে
অনিজা করেছে স্পর্শ অপূর্ব আলোকে।
স্থান্বরে মহাপ্লাবী প্রচণ্ড নির্মর
মনের গহনে মোর পাঠায়েছে স্বর।
প্রকৃতির ঐকতানস্রোতে
নানা কবি ঢালে গান নানা দিক হতে—
তাদের সবার সাথে আছে মোর এইমাত্র যোগ,
সঙ্গ পাই সবাকার, লাভ করি আনন্দের ভোগ,
গীতভারতীর আমি পাই তো প্রসাদ
নিথিলের সংগীতের স্বাদ!

সব চেয়ে ছর্গম-যে মান্তব আপন অন্তরালে, তার কোনো পরিমাপ নাই বাহিরের দেশে কালে। সে অন্তরময়, অন্তর মিশালে তবে তার অন্তরের পরিচয়। পাই নে সর্বত্র তার প্রবেশের দ্বার, বাধা হয়ে আছে মোর বেড়াগুলি জীবনযাতার।

घाषी (थएक घानाईएছ दान, তাঁতি বসে তাঁত বোনে, জেলে ফেলে জাল— বহুদুরপ্রসারিত এদের বিচিত্র কর্মভার তারি 'পরে ভর দিয়ে চলিতেছে সমস্ত সংসার। অতি ক্ষুদ্র অংশে তার সম্মানের চিরনির্বাসনে সমাজের উচ্চ মঞ্চে বদেছি সংকীর্ণ বাতায়নে। মাঝে মাঝে গেছি আমি ও পাড়ার প্রাঙ্গণের ধারে, ভিতরে প্রবেশ করি সে শক্তি ছিল না একেবারে। জীবনে জীবন যোগ করা ना হলে কৃত্রিম পণ্যে ব্যর্থ হয় গানের পশরা। তাই আমি মেনে নিই সে নিন্দার কথা আমার স্থরের অপূর্ণতা। আমার কবিতা, জানি আমি, গেলেও বিচিত্র পথে হয় নাই সে সর্বত্রগামী। क्षार्वं कौरानत भतिक य कन, কর্মে ও কথায় সত্য আত্মীয়তা করেছে অর্জন, যে আছে মাটির কাছাকাছি, সে কবির বাণী লাগি কান পেতে আছি। সাহিত্যের আনন্দের ভোজে निष्क या পाति ना पिछ निष्ठा वामि थाकि छाति (थाँ ष्क । সেটা সত্য হোক. শুধু ভঙ্গী দিয়ে যেন না ভোলায় চোখ।

সত্য মূল্য না দিয়েই সাহিত্যের খ্যাতি করা চুরি ভালো नय, ভালো नय नकन म भीथिन मङ्घ्रि । এসো কবি অখ্যাতজনের निर्वाक् गटनत्र। মর্মের বেদনা যত করিয়ো উদ্ধার— প্রাণহীন এ দেশেতে গানহীন যেথা চারি ধার অবজ্ঞার তাপে শুষ্ক নিরানন্দ সেই মরুভূমি , রসে পূর্ণ করি দাও তুমি। অন্তরে যে উৎস তার আছে আপনারি তাই তুমি দাও তো উদ্বারি। সাহিত্যের একতান-সংগীতসভায় একতারা যাহাদের তারাও সম্মান যেন পায়— মূক যারা ত্রংখে স্থুখে, নতশির স্তব্ধ যারা বিশ্বের সম্মুখে, खरमा खनी, কাছে থেকে দূরে যারা তাহাদের বাণী যেন শুনি। তুমি থাকো তাহাদের জ্ঞাতি, ভোমার খ্যাতিতে তারা পায় যেন আপনারি খ্যাতি— আমি বারংবার তোমারে করিব নমস্কার॥

উদয়ন। শাস্তিনিকেতন ২১ জামুয়ারি ১৯৪১ সকাল

কালের প্রবল আবর্ডে প্রতিহত ফেনপুঞ্জের মত্যে, আলোকে আঁধারে রঞ্জিত এই মায়া, অদেহ ধরিল কায়া। সন্তা আমার, জানি না সে কোথা হতে হল উত্থিত নিত্যধাবিত স্রোতে। সহসা অভাবনীয় অদৃশ্য এক আরম্ভ-মাঝে কেন্দ্র রচিল স্বীয়। বিশ্বসতা মাঝখানে দিল উকি, এ কৌতুকের পশ্চাতে আছে জানি না কে কৌতুকী। क्मिकाद्र निर्य अभीत्मत्र এই थिला, নববিকাশের সাথে গেঁথে দেয় শেষ-বিনাশের হেলা, व्यात्नारक कात्नत मृष्ट्र छेर्छ त्वरक, গোপনে क्रिका प्रिशा पिए आमि गूथ-ঢाका वधू मिछ গলায় পরিয়া হার वृष्वृष् भिकात । স্প্রির মাঝে আসন করে সে লাভ, व्यनस्य जादत्र व्यस्त्रीयात्र कानात्र व्याविर्जाव ॥

করিয়াছি বাণীর সাধনা
দীর্ঘকাল ধরি,
আজ তারে ক্ষণে ক্ষণে উপহাস পরিহাস করি।
বছ ব্যবহার আর দীর্ঘ পরিচয়
তেজ তার করিতেছে ক্ষয়।
নিজেরে করিয়া অবহেলা
নিজেরে নিয়ে সে করে খেলা।
তবু জানি, অজানার পরিচয় আছিল নিহিত
বাক্যে তার বাক্যের অতীত।
সেই অজানার দূত আজি মোরে নিয়ে যায় দূরে

নিবেদন করিতে প্রণাম— মন তাই বলিতেছে, আমি চলিলাম।

সেই সিন্ধু-মাঝে সূর্য দিনযাত্রা করি দেয় সারা, সেথা হতে সন্ধ্যাতারা রাত্রিরে দেখায়ে আনে পথ যেথা তার রথ চলেছে সন্ধান করিবারে নৃতন প্রভাত-আলো তমিপ্রার পারে।

আজ সব কথা, मत्न रुग्न, ख्रभू मूथत्रा । তারা এসে থামিয়াছে পুরাতন সে মন্ত্রের কাছে ধ্বনিতেছে যাহা সেই নৈঃশব্যচূড়ায় সকল সংশয় তর্ক যে মৌনের গভীরে ফুরায়। লোকখ্যাতি যাহার বাতাসে कौं १ रस कुछ रस जाम। দিনশেষে কর্মশালা ভাষা-রচনার নিরুদ্ধ করিয়া দিক দ্বার। পড়ে থাক্ পিছে বহু আবর্জনা, বহু মিছে। বার বার মনে মনে বলিতেছি, আমি চলিলাম— যেথা নাই নাম, यिथान (পर्यहरू नय मकल विष्य পরিচয়, নাই আর আছে এক হয়ে যেথা মিশিয়াছে, যেখানে অখণ্ড দিন व्यात्नाशीन व्यक्तकांत्रशीन, আমার আমির ধারা মিলে যেথা যাবে ক্রমে ক্রমে পরিপূর্ণ চৈতন্ত্যের সাগরসংগমে।

এই বাহ্য আবরণ, জানি না তোঁ, শেষে
নানা রূপে রূপান্তরে কালস্রোতে বেড়াবে কি ভেসে।
আপন স্বাতন্ত্র্য হতে নিঃসক্ত দেখিব তারে আমি
বাহিরে বহুর সাথে জড়িত অজানা তীর্থগামী।

আসন্ন বর্ষের শেষ। পুরাতন আমার আপন শ্লথবৃদ্ভ ফলের মতন ছিন্ন হয়ে আদিতেছে। অমুভব তারি আপনারে দিতেছে বিস্তারি আমার সকল-কিছু-মাঝে। প্রচ্ছন্ন বিরাজে নিগৃঢ় অন্তরে যেই একা, চেয়ে আছি পাই यि एभा। পশ্চাতের কবি মুছিয়া করিছে ক্ষীণ আপন হাতের আঁকা ছবি। ञ्जूत मन्पूर्य मिक्नू, निःभक त्रजनी, তারি তীর হতে আমি আপনারি শুনি পদধ্বনি অসীম পথের পান্থ, এবার এদেছি ধরা-মাঝে মর্তজীবনের কাজে। সে পথের 'পরে कर्ण करण जरगांहरत

সকল পাওয়ার মধ্যে পেয়েছি অমূল্য উপাদেয় এমন সম্পদ যাহা হবে মোর অক্ষয় পাথেয়। মন বলে, আমি চলিলাম, রেখে যাই আমার প্রণাম তাঁদের উদ্দেশে যাঁরা জীবনের আলো ফেলেছেন পথে যাহা বারে বারে সংশয় ঘুচালো

উদয়ন। শান্তিনিকেতন ১৯ জামুয়ারি ১৯৪১ সকাল

रुष्टिनीनाञ्चात्रपत्र ञ्चारस्य माँ पार्चेश प्रिथि कर्ष कर्ष তমদের পরপার, यथा मर्श-व्यारक्तत व्यमीम हिन्दा हिन्न लीन। আজি এ প্রভাতকালে ঋষিবাক্য জাগে মোর মনে। করো করো অপারত, হে সূর্য, আলোক-আবরণ---তোমার অন্তর্ভম প্রম জ্যোতির মধ্যে দেখি আপনার আত্মার স্বরূপ। যে আমি দিনের শেষে বায়ুতে মিশায় প্রাণবায়ু, ভম্মে যার দেহ অন্ত হবে, যাত্রাপথে সে আপন না ফেলুক ছায়া সত্যের ধরিয়া ছদ্মবেশ। এ মর্তের লীলাক্ষেত্রে স্থথে ছঃখে অমৃতের স্বাদ পেয়েছি তো ক্ষণে ক্ষণে, বারে বারে অসীমেরে দেখেছি সীমার অন্তরালে। বুঝিয়াছি, এ জন্মের শেষ অর্থ ছিল সেইখানে, সেই স্থলরের রূপে সে সংগীতে অনিৰ্বচনীয়। रथलाघरत आक यरव श्रूल यारव बात थत्रगीत (प्रवालार्य (त्रत्थ यांच व्यामात व्यामा,

দিয়ে যাব জীবনের সে নৈবেগুগুলি মূল্য যার মৃত্যুর অতীত॥

উদয়ন। শান্তিনিকেতন ১১ মাঘ ১৩৪৭ সকাল পাহাড়ের নীলে আর দিগস্তের নীলে
শৃত্যে আর ধরাতলে মন্ত্র বাঁধে ছন্দে আর মিলে।
বনেরে করায় স্নান শরতের রৌজের সোনালি।
হলদে ফুলের গুচ্ছে মধু খোঁজে বেগুনি মোমাছি,
মাঝখানে আমি আছি,
চৌদিকে আকাশ তাই দিতেছে নিঃশক্ষ করতালি।
আমার আনন্দে আজ্ব একাকার ধ্বনি আর রঙ,
জানে তা কি এ কালিম্পাঙ।

ভাণ্ডারে সঞ্চিত করে পর্বতশিশ্বর
অন্তহীন যুগ যুগান্তর।
আমার একটি দিন বরমাল্য পরাইল তারে,
এ শুভ সংবাদ জানাবারে
অন্তরীক্ষে দূর হতে দূরে
অনাহত স্থরে
প্রভাতে সোনার ঘণ্টা বাজে ঢঙ ঢঙ,
শুনিছে কি এ কালিম্পঙ।

भोतीभूतज्यन। कानिष्ण ७ २६ मেপ্টেম্বর ১৯৪०

মনে পড়ে, শৈলতটে তোমাদের নিভূত কুটির, হিমাজি যেথায় তার সমুচ্চ শান্তির আসনে নিস্তব্ধ নিত্য, তুঙ্গ তার শিখরের সীমা লজ্বন করিতে চায় দূরতম শৃত্যের মহিমা। অরণ্য যেতেছে নেমে উপত্যকা বেয়ে; निम्हल मवुक्षवर्था, निविष् निःশक्ता वार्थ ছেয়ে ছায়াপুঞ্জ তার। শৈলশৃঙ্গ-অন্তরালে প্রথম অরুণোদয়-ঘোষণার কালে অন্তরে আনিত স্পন্দ বিশ্বজীবনের সগুফুর্ত চঞ্চলতা। নির্জন বনের গুঢ় আনন্দের যত ভাষাহীন বিচিত্র সংকেতে লভিতাম হাদয়েতে যে বিস্ময় ধরণীর, প্রাণের আদিম সূচনায়। সহসা নাম-না-জানা পাখিদের চকিত পাখায় চিন্তা মোর যেত ভেসে শুভ্রহিমরেখাঞ্কিত মহানিক্লদেশে। বেলা যেত, লোকালয় তুলিত ত্বরিত করি সুপ্তোত্থিত শিথিল সময়। গিরিগাতে পথ গেছে বেঁকে, বোঝা বহি চলে লোক, গাড়ি ছুটে চলে থেকে থেকে।

পাৰ্বতী জনতা বিদেশী প্রাণযাত্রার খণ্ড খণ্ড কথা मत्न यांग्र द्वरथ, রেখা-রেখা অসংলগ্ন ছবি যায় এঁকে। खिनि यात्य यात्य ञमूदत घन्छात श्वनि वादज, কর্মের দৌত্য সে করে প্রহরে প্রহরে। প্রথম আলোর স্পর্শ লাগে, আতিথ্যের সখ্য জাগে ঘরে ঘরে। স্তরে স্তরে দারের সোপানে নানারঙা ফুলগুলি অতিথির প্রাণে গৃহিণীর যত্ন বহি প্রকৃতির লিপি নিয়ে আদে আকাশে বাভাসে। কলহান্ডে মানুষের স্নেহের বারতা যুগযুগান্তের মৌনে হিমাজির আনে সার্থকতা॥

উদয়ন। শাস্তিনিকেতন ২৫ ফেব্রুয়ারি ১৯৪১ বিকাল

দামামা এ বাজে, দিন-বদলের পালা এল ঝোড়ো যুগের মাঝে। শুরু হবে নির্মম এক নূতন অধ্যায়— নইলে কেন এত অপব্যয়, আসছে নেমে নিষ্ঠুর অস্থায়, অন্তায়েরে টেনে আনে অন্তায়েরই ভূত ভবিশ্বতের দূত। কুপণতার পাথর-ঠেলা বিষম বস্থাধারা লোপ করে দেয় নিঃস্ব মাটির নিফ্বলা চেহারা। জমে-ওঠা মৃত বালির স্তর ভাসিয়ে নিয়ে ভর্তি করে লুপ্তির গহবর ; পলিমাটির ঘটায় অবকাশ, মরুকে সে মেরে মেরেই গজিয়ে তোলে ঘাস। তুব্লা খেতের পুরানো সব পুনরুক্তি যত অর্থহারা হয় সে বোবার মতো। অন্তরেতে মৃত বাইরে তবু মরে না যে অন্ন ঘরে করেছে সঞ্চিত, ওদের ঘিরে ছুটে আসে অপব্যয়ের ঝড়, ভাঁড়ারে ঝাঁপ ভেঙে ফেলে, চালে ওড়ায় খড়।

অপঘাতের ধাকা এসে পড়ে ওদের ঘাড়ে, জাগায় হাড়ে হাড়ে। হঠাৎ অপমৃত্যুর সংকেতে নূতন ফসল চাষের তরে আনবে নূতন থেতে। শেষ পরীক্ষা ঘটাবে হুদৈবৈ— জীর্ণ যুগের সঞ্চয়েতে কী যাবে কী রহবে। পালিশ-করা জীর্ণতাকে চিনতে হবে আজি, দামামা তাই ঐ উঠেছে বাজি॥

७३ (य ३५८०

সেই পুরাতন কালে ইতিহাস যবে সংবাদে ছিল না মুখরিত নিস্তব্ধ খ্যাতির যুগে— আজিকার এইমত প্রাণযাত্রাকল্লোলিত প্রাতে যাঁরা যাত্রা করেছেন मत्रनमिक्कन भरथ আত্মার অমৃত-অন্ন করিবারে দান मृत्रवाजी जनाजीय जतन, मल मल याँता উखीर्ग इन नि लक्षा, ज्यानिमाऋन মরুবালুতলে অস্থি গিয়েছেন রেখে, সমুদ্র যাঁদের চিহ্ন দিয়েছে মুছিয়া, অনারক্ষ কর্মপথে অকুতার্থ হন নাই তাঁরা---মিশিয়া আছেন সেই দেহাতীত মহাপ্রাণ-মাঝে শক্তি জোগাইছে যাহা অগোচরে চিরমানবেরে, তাঁহাদের করুণার স্পর্শ লভিতেছি আজি এই প্রভাত-আলোকে, তাঁহাদের করি নমস্বার॥

উদয়ন। শান্তিনিকেতন ১২ ডিসেম্বর ১৯৪০ সকাল নানা হৃংখে চিতের বিক্ষেপে
যাহাদের জীবনের ভিত্তি যায় বারংবার কেঁপে,
যারা অক্সমনা, তারা শোনো,
আপনারে ভূলো না কখনো।
মূহ্যঞ্জয় যাহাদের প্রাণ,
সব ভূচ্ছতার উপ্পে দীপ যারা জ্বালে অনির্বাণ,
তাহাদের মাঝে যেন হয়
তোমাদেরি নিত্য পরিচয়।
তাহাদের খর্ব কর যদি
খর্বতার অপমানে বন্দী হয়ে রবে নিরবধি।
তাদের সম্মানে মান নিয়ো
বিশ্বে যারা চিরম্মরণীয়॥

বয়স আমার বুঝি হয়তো তখন হবে বারো, अथवा की कानि হবে ছয়েক বছর বেশি আরো। পুরাতন নীলকুঠি-দোতালার 'পর ছিল মোর ঘর। সামনে উধাও ছাত— দিন আর রাত আলো আর অন্ধকারে সাথিহীন বালকের ভাবনারে এলোমেলো জাগাইয়া যেত, অর্থশৃন্য প্রাণ তারা পেত, रयमन ममूरथ नीरि আলো পেয়ে বাড়িয়া উঠিছে বেতগাছ ঝোপঝাড়ে পুকুরের পাড়ে সবুজের আল্পনায় রঙ দিয়ে লেপে। সারি সারি ঝাউগাছ ঝরঝর কেঁপে নীলচাষ-আমলের প্রাচীন মর্মর ज्थाना চলিছে বহি বৎসর বৎসর। বৃদ্ধ সে গাছের মতো তেমনি আদিম পুরাতন বয়স-অতীত সেই বালকের মন

নিখিল প্রাণের পেত নাড়া, আকাশের অনিমেষ দৃষ্টির ডাকে দিত সাড়া, তাকায়ে রহিত দূরে। রাখালের বাঁশির করুণ স্থরে অন্তিত্বের যে বেদনা প্রচ্ছন্ন রয়েছে, নাড়ীতে উঠিত নেচে। জাগ্রত ছিল না বৃদ্ধি, বৃদ্ধির বাহিরে যাহা তাই মনের দেউড়ি-পারে দারী-কাছে বাধা পায় নাই। স্বপ্নজনতার বিশ্বে ছিল দ্রন্থা কিংবা স্রন্থা -রূপে, পণ্যহীন দিনগুলি ভাসাইয়া দিত চুপে চুপে পাতার ভেলায় नित्रर्थ (थलाय । টাট্ট ঘোড়া চড়ি রক্তে তার মাতিয়ে তুলিত গতি, নিজেরে ভাবিত সেনাপতি পড়ার কেতাবে যারে দেখে ছবি মনে निয়েছিল এঁকে। যুদ্ধহীন রণক্ষেত্রে ইতিহাসহীন সেই মাঠে এমনি সকাল তার কাটে। कवा निरय गाँना निरय निङा िया तम মিশ্রিত ফুলের রঙে কী লিখিত, সে লেখার যশ

আপন মর্মের মাঝে হয়েছে রঙিন— वाहिदात कत्रणानिशैन। সন্ধ্যাবেলা বিশ্বনাথ শিকারীকে ডেকে তার কাছ থেকে বাঘ-শিকারের গল্প নিস্তব্ধ সে ছাতের উপর মনে হত সংসারের সব চেয়ে আশ্চর্য থবর। षम् क'रत मन्न मन्न ছूरिं वन्तुक, কাঁপিয়া উঠিত বুক। চারি দিকে শাখায়িত স্থনিবিড় প্রয়োজন যত তারি মাঝে এ বালক অর্কিড-তরুকার মতো ডোরাকাটা খেয়ালের অন্তুত বিকাশে দোলে শুধু খেলার বাতাসে। যেন সে রচয়িতার হাতে পুঁথির প্রথম শৃত্য পাতে অলংকরণ-আঁকা, মাঝে মাঝে অস্পষ্ট কী লেখা, বাকি সব আঁকাবাঁকা রেখা। আজ যবে চলিতেছে সাংঘাতিক হিসাব-নিকাশ. पिश्पिशरख क्रमाशीन व्यमुरहेत प्रभनिविकाम, বিধাতার ছেলেমামুষির খেলাঘর যত ছিল ভেঙে সব হল চৌচির। আজ মনে পড়ে সেই দিন আর রাত, প্রশস্ত সে ছাত,

সেই আলো সেই অন্ধকারে
কর্মসমূজের মাঝে নৈন্ধর্মান্তীপের পারে
বালকের মনখানা মধ্যাহ্নে ঘুঘুর ডাক যেন।
এ সংসারে কী হতেছে কেন,
ভাগ্যের চক্রাস্তে কোথা কী যে,
প্রশ্নহীন বিশ্বে তার জিজ্ঞাসা করে নি কভু নিজে।
এ নিখিলে যে জগৎ ছেলেমান্থবির
বয়স্কের দৃষ্টিকোণে সেটা ছিল কৌতুকহাসির,
বালকের জানা ছিল না তা।
সেইখানে অবাধ আসন তার পাতা।
সেথা তার দেবলোক, স্বকল্লিত স্বর্গের কিনারা,
বৃদ্ধির ভর্ণসনা নাই, নাই সেথা প্রশ্নের পাহারা,
যুক্তির সংকেত নাই পথে,
ইচ্ছা সঞ্চরণ করে বল্লামুক্ত রথে॥

মনে ভাবিতেছি, যেন অসংখ্য ভাষার শব্দরাজি ছাড়া পেল আজি, मीर्घकान गाकत्र १ वर्गी ति অকস্মাৎ হয়েছে বিদ্রোহী অবিশ্রাম সারি সারি কুচকাওয়াজের পদক্ষেপে-উঠেছে অধীর হয়ে খেপে। লজ্বিয়াছে বাক্যের শাসন, নিয়েছে অবুদ্ধিলোকে অবদ্ধ ভাষণ, ছিন্ন করি অর্থের শৃঙ্খলপাশ সাধুসাহিত্যের প্রতি ব্যঙ্গহাস্থে হানে পরিহাস। সব ছেড়ে অধিকার করে শুধু শ্রুতি— বিচিত্র তাদের ভঙ্গী, বিচিত্র আফুতি। বলে তারা, আমরা যে এই ধরণীর নিশ্বসিত প্রনের আদিম ধ্বনির জন্মেছি সন্তান, যথনি মানবকণ্ঠে মনোহীন প্রাণ নাড়ীর দোলায় সতা জেগেছে নাচিয়া উঠেছি বাঁচিয়া। শिশুকণ্ঠে আদিকাব্যে এনেছি উচ্ছলি অন্তিত্বের প্রথম কাকলি।

গিরিশিরে যে পাগল-ঝোরা শ্রাবণের দূত, তারি আত্মীয় আমরা আসিয়াছি লোকালয়ে रुष्टित भ्वनित यञ्ज लाए । মর্মরমুখর বেগে य ध्वनि निगर्छ कर्त्र बर्एत ছत्न्त्र পরিমাপ, নিশান্তে জাগায় যাহা প্রভাতের প্রকাণ্ড প্রলাপ, সে ধ্বনির ক্ষেত্র হতে হরিয়া করেছে পদানত বন্থ ঘোটকের মতো মানুষ শব্দেরে তার জটিল নিয়মসূত্রজালে বার্তাবহনের লাগি অনাগত দূর দেশে কালে। বল্লাবদ্ধ শব্দ-অশ্বে চড়ি মানুষ করেছে দ্রুত কালের মন্থর যত ঘড়ি। জড়ের অচল বাধা তর্কবেগে করিয়া হরণ অদৃশ্য রহস্যলোকে গহনে করেছে সঞ্চরণ, वृाद्य वाँधि भक-जाकोशिंगी প্রতি ক্ষণে মূঢ়তার আক্রমণ লইতেছে জিনি। কখনো চোরের মতো পশে ওরা স্বপ্নরাজ্যতলে, ঘুমের ভাঁটার জলে নাহি পায় বাধা— যাহা-তাহা নিয়ে আসে, ছন্দের বাঁধনে পড়ে বাঁধা; তাই দিয়ে বৃদ্ধি অশুমনা
করে সেই শিল্পের রচনা
সূত্র যার অসংলগ্ন শ্বলিত শিথিল
বিধির সৃষ্টির সাথে না রাখে একান্ত তার মিল;
যেমন মাতিয়া উঠে দশ-বিশ কুকুরের ছানা,
এ ওর ঘাড়েতে চড়ে কোনো উদ্দেশ্যের নাই মানা,
কে কাহারে লাগায় কামড়,
জাগায় ভীষণ শব্দে গর্জনের ঝড়,
সে কামড়ে সে গর্জনে কোনো অর্থ নাই হিংস্রতার,
উদ্দাম হইয়া উঠে শুধু ধ্বনি শুধু ভঙ্গী তার।
মনে মনে দেখিতেছি, সারা বেলা ধরি
দলে দলে শব্দ ছোটে অর্থ ছিন্ন করি—
আকাশে আকাশে যেন বাজে,
আগডুম বাগড়ম ঘোড়াডুম সাজে॥

গৌরীপুরভবন কালিপাঙ ২৪ দেপ্টেম্বর ১৯৪০ রক্তমাখা দন্তপংক্তি হিংশ্র সংগ্রামের শত শত নগরগ্রামের অন্ত আজ ছিন্ন ছিন্ন করে; ছুটে চলে विভীষিক। মূর্ছাতুর দিকে দিগন্তরে। বক্সা নামে যমলোক হতে, রাজ্যসামাজ্যের বাঁধ লুগু করে সর্বনাশা স্রোতে। যে লোভ-রিপুরে नाय रिक् यूर्ग यूर्ग मृत्व मृत्व मण भिकातीत पन পোষ-মানা শ্বাপদের মতো, দেশবিদেশের মাংস করেছে বিক্ষত, लानिष्ठिया मिरे कुकूर इत पन वाक राय हिँ फ़िल मुद्धाल, ভূলে গেল আত্মপর; আদিম বহাতা তার উদ্বারিয়া উদাম নথর পুরাতন ঐতিহ্যের পাতাগুলা ছিন্ন করে, ফেলে তার অক্ষরে অক্ষরে পঙ্কলিগু চিহ্নের বিকার। অসম্ভপ্ত বিধাতার ওরা দূত বুঝি, শত শত বর্ষের পাপের পুঁজি

ছড়াছড়ি করে দেয় এক সীমা হতে সীমান্তরে, রাষ্ট্রমদমন্তদের মন্তভাগু চূর্ণ করে আবর্জনাকুগুতলে।
মানব আপন সতা ব্যর্থ করিয়াছে দলে দলে, বিধাতার সংকল্লের নিত্যই করেছে বিপর্যয় ইতিহাসময়।
সেই পাপে
আত্মহত্যা-অভিশাপে
আপনার সাধিছে বিলয়।
হয়েছে নির্দয়,
আপন ভীষণ শত্রু আপনার 'পরে ধ্লিসাৎ করে
ভূরিভোজী বিলাসীর
ভাগুারপ্রাচীর।

শাশানবিহারবিলাসিনী ছিন্নমন্তা, মুহুর্ভেই মান্তবের স্থপপ্তপ্ন জিনি বক্ষ ভেদি দেখা দিল আত্মহারা, শতস্রোতে নিজ রক্তধারা নিজে করি পান। এ কুৎসিত লীলা যবে হবে অবসান, বীভংস তাগুবে

এ পাপযুগের অন্ত হবে,

মানব তপস্বীবেশে

চিতাভস্মশয্যাতলে এসে

নবস্প্তি-ধ্যানের আসনে

স্থান লবে নিরাসক্তমনে—

আজি সেই স্প্তির আহ্বান

ঘোষিছে কামান॥

গৌরীপুরভবন কালিপাঙ ২২ মে ১৯৪০

সিংহাসনতলচ্ছায়ে দূরে দূরান্তরে যে রাজ্য জানায় স্পর্ধাভরে রাজায় প্রজায় তেদ মাপা, পায়ের তলায় রাখে সর্বনাশ চাপা। হতভাগ্য যে রাজ্যের স্থবিস্তীর্ণ দৈম্ভজীর্ণ প্রাণ রাজমুকুটেরে নিত্য করিছে কুৎসিত অপমান, অসহ্য তাহার ত্বঃখ তাপ वाकादि ना यिन नार्ग, नार्ग তात्व विधाजाव भाभ মহা-এশ্বর্যের নিম্নতলে অর্ধাশন অনশন দাহ করে নিত্য ক্ষ্থানলে, শুষপ্রায় কলুষিত পিপাসার জল, দেহে নাই শীতের সম্বল, অবারিত মৃত্যুর ত্য়ার, নিষ্ঠুর তাহার চেয়ে জীবন্মৃত দেহ চর্মসার শোষণ করিছে দিনরাত রুদ্ধ আরোগ্যের পথে রোগের অবাধ অভিঘাত, সেথা মুমূর্ব দল রাজত্বের হয় না সহায়, হয় মহা দায়। এক পাখা শীর্ণ যে পাখির यएज्त मःक छ- मित्न त्र शित्र न। श्रित्र,

সমূচ্চ আকাশ হতে ধূলায় পড়িবে অঙ্গহীন— আসিবে বিধির কাছে হিসাব-চুকিয়ে-দেওয়া দিন। অভ্রভেদী ঐশর্ষের চূর্ণীভূত পতনের কালে দরিজের জীর্ণ দশা বাসা তার বাঁধিবে কন্ধালে॥

উদয়ন। শাস্তিনিকেতন ২৪ জাসুয়ারি ১৯৪১ বিকাল জীবনবহনভাগ্য নিত্য আশীর্বাদে ললাট করুক স্পর্ন অনাদি জ্যোতির দান-রূপে—
নব নব জাগরণে প্রভাতে প্রভাতে মর্ভ এ আয়ুর সীমানায়।
মানিমার ঘন আবরণ
দিনে দিনে পত্মক থসিয়া
অমর্ভলোকের দারে
নিজায়-জড়িত রাত্রি-সম।
হে সবিতা, তোমার কল্যাণতম রূপ করো অপাবৃত,
সেই দিব্য আবির্ভাবে
হেরি আমি আপন আত্মারে
মৃত্যুর অতীত॥

উদয়ন। শান্তিনিকেতন ৭ পৌষ ১৩৪৭ পোড়ো বাড়ি, শৃত্য দালান— বোবা শ্বভির চাপা কাঁদন হুছ করে, মরা-দিনের-কবর-দেওয়া ভিতের অন্ধকার শুমরে ওঠে প্রেতের কঠে সারা হুপুরবেলা। মাঠে মাঠে শুকনো পাতার ঘূর্নিপাকে হাওয়ার হাঁপানি। হঠাৎ হানে বৈশাখী তার বর্বরতা ফাগুন-দিনের যাবার পথে।

শৃষ্টিশীড়া ধাকা লাগায়
শিল্পকারের তূলির পিছনে।
রেখায় রেখায় ফুটে ওঠে
রূপের বেদনা
সাথিহারার তপ্ত রাঙা রঙে।
কখনো বা ঢিল লেগে যায় তূলির টানে;
পাশের গলির চিক-ঢাকা ঐ ঝাপসা আকাশতলে
হঠাৎ যখন রণিয়ে ওঠে
সংকেতঝংকার,
আঙুলের ডগার 'পরে নাচিয়ে তোলে মাতালটাকে
গোধূলির সিঁত্র ছায়ায় ঝ'রে পড়ে

পাগলা আবেগের হাউই-ফাটা আগুনঝুরি।

বাধা পায়, বাধা কাটায় চিত্রকরের তূলি।
সেই বাধা তার কখনো বা হিংস্র অশ্লীলতায়,
কখনো বা মদির অসংযমে।
মনের মধ্যে ঘোলা স্রোতের জোয়ার ফুলে ওঠে,
ভেসে চলে কেনিয়ে-ওঠা অসংলগ্নতা।
রূপের বোঝাই ডিঙি নিয়ে চলল রূপকার
রাতের উজান স্রোভ পেরিয়ে
হঠাৎ-মেলা ঘাটে।
ডাইনে বাঁয়ে স্থর-বেস্থরের দাঁড়ের ঝাপট চলে,
তাল দিয়ে যায় ভাসান-খেলা শিল্পসাধনার॥

শান্তিনিকেতন ২৫ ফেব্রুয়ারি ১৯৩৯ জটিল সংসার,
মোচন করিতে গ্রন্থি জড়াইয়া পড়ি বারংবার।
গম্য নহে সোজা,
হুর্গম পথের যাত্রা স্থন্ধে বহি হুন্চিস্তার বোঝা।
পথে পথে যথাতথা
শত শত কৃত্রিম বক্রতা।
অমুক্ষণ
হতাশ্বাস হয়ে শেষে হার মানে মন।
জীবনের ভাঙা ছন্দে ভ্রন্থ হয় মিল,
বাঁচিবার উৎসাহ ধূলিতলে লুটায় শিথিল।

ওগো আশাহারা,
শুক্কতার 'পরে আনো নিখিলের রসবস্থাধারা।
বিরাট আকাশে,
বনে বনে, ধরণীর ঘাসে ঘাসে,
স্থাভীর অবকাশ পূর্ণ হয়ে আছে
গাছে গাছে,
অস্তহীন শাস্তি-উৎস-স্রোতে।
অস্তঃশীল যে রহস্থ আঁধারে আলোতে
তারে সন্থ করুক আহ্বান

আদিম প্রাণের যজ্ঞে মর্মের সহজ সামগান।
আত্মার মহিমা যাহা তুচ্ছতায় দিয়েছে জর্জরি
মান অবসাদে, তারে দাও দূর করি,
লুপ্ত হয়ে যাক শৃত্যতলে
ত্যলোকের ভূলোকের সন্মিলিত মন্ত্রণার বলে

ফুলদানি হতে একে একে व्यायुक्तीन लानारभव भाभिष् भिष्म सद्व सद्व । ফুলের জগতে মৃত্যুর বিকৃতি নাহি দেখি। শেষ বাঙ্গ নাহি হানে জীবনের পানে অস্থলর। যে মাটির কাছে ঋণী व्याननात घ्वा पिरय वर्ष्णि करत ना जारत कृत, রূপে গন্ধে ফিরে দেয় মান অবশেষ। विनारयत সকৰুণ স্পৰ্শ আছে তাহে, नारेका छ (भना। জন্মদিনে মৃত্যুদিনে দোঁহে যবে করে মুখোমুখি पिथि यिन मिलान পূর্বাচলে অস্তাচলে অবসন্ন দিবসের দৃষ্টিবিনিময়— সমুজ্জল গৌরবের প্রণত স্থন্দর অবসান॥

উদয়ন। শাস্তিনিকেতন ২২ ফেব্রুয়ারি ১৯৪১ বিকাল

বিশ্বধরণীর এই বিপুল কুলায় मक्ता- তाति नीतव निर्परम নিখিল গতির বেগ ধায় তারি পানে। চৌ দিকে ধুসরবর্ণ আবরণ নামে। भन वरल, घरत याव--কোথা ঘর নাহি জানে। षात (थाटन मक्ता निःमिनी, সম্মুখে নীরন্ধ্র অন্ধকার। সকল আলোর অন্তরালে বিশ্বতির দৃতী খুলে নেয় এ মর্তের ঋণ-করা সাজসজ্জা যত— প্রক্ষিপ্ত যা-কিছু তার নিত্যতার মাঝে ছিন্ন জীর্ণ মলিন অভ্যাস। আঁধারে অবগাহন-স্নানে নির্মল করিয়া দেয় নবজন্ম নগ্ন ভূমিকারে। জীবনের প্রান্তভাগে অন্তিম রহস্তপথে দেয় মুক্ত করি श्रित नृजन त्रश्यात । नव जगानिन তারে বলি আঁধারের মন্ত্র পড়ি সন্ধ্যা যারে জাগায় আলোকে

নদীর পালিত এই জীবন আমার। नाना शिविभिथदवव मान নাড়ীতে নাড়ীতে তার বহে, नाना পिनियाि पिरा क्वि जात श्राह ति जि. প্রাণের রহস্তরস নানা দিক হতে শস্তে শস্তে লভিল সঞ্চার। পূর্বপশ্চিমের নানা গীতস্রোতজালে ঘেরা তার স্বপ্ন জাগরণ। य नमी विस्थत मृठी मृत्रक निकर्षे जातन, অজाনার অভ্যর্থনা নিয়ে আসে ঘরের ত্য়ারে, সে আমার রচেছিল জন্মদিন— চিরদিন তার স্রোতে বাঁধন-বাহিরে মোর চলমান বাসা ভেদে চলে তীর হতে তীরে। আমি ব্রাত্য, আমি পথচারী, অবারিত আতিথ্যের অন্নে পূর্ণ হয়ে ওঠে বারে বারে নির্বিচারে মোর জন্মদিবসের থালি।

উদয়ন। শাস্তিনিকেতন ২৩ ফেব্রুয়ারি ১৯৪১ তৃপুর

তোমাদের জানি, তবু তোমরা যে দূরের মানুষ। তোমাদের আবেষ্টন, চলা-ফেরা, চারি দিকে ঢেউ ওঠা-পড়া সবই চেনা জগতের, তবু তার আমন্ত্রণে দ্বিধা— সবা হতে আমি দুরে, তোমাদের নাড়ীর যে ভাষা म आभात आशन প্রাণের, বিষয় বিশ্বয় লাগে যবে দেখি স্পর্শ তার সসংকোচ পরিচয় নিয়ে আনে যেন প্রবাসীর পাণ্ডুবর্ণ শীর্ণ আত্মীয়তা। णामि किছू দिতে চাই, তা ना হলে জীবনে জীবনে भिन रूप की कतिया— जामि ना निन्छि পদক্ষেপে— ভয় হয়, রিক্ত পাত্র বুঝি, বুঝি তার রসস্বাদ হারায়েছে পূর্বপরিচয়, বুঝি আদানে প্রদানে রবে না সম্মান। তাই আশঙ্কার এ দূরত্ব হতে এ निष्ठुत निः मञ्जा-भारा जामारात एएक वनि, य जीवनलक्षी মোরে সাজায়েছে নব নব সাজে তার সাথে বিচ্ছেদের দিনে নিভায়ে উৎসবদীপ मात्रिएात माञ्चनाय घटोर्य ना कजू जममान, जनःकात्र थूरन निर्वत, একে একে বর্ণসজ্জাহীন উত্তরীয়ে एएक पिर्व, मनाए जांकिरव ७७ जिनक्त त्रथा ; তোমরাও যোগ দিয়ো জীবনের পূর্ণ ঘট নিয়ে म অন্তिম অনুষ্ঠানে, হয়তো শুনিবে দূর হতে দিগন্তের পরপারে শুভশঙ্খধনি॥

উদয়ন। শাস্তিনিকেতন ম মার্চ ১৯৪১। সকাল

প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন © বিশ্বভারতী। ৬/৩ দ্বারকানাথ ঠাকুর লেন। কলিকাতা ৭

মুদ্রক শ্রীগোপালচন্দ্র রায়

মাভামা প্রিন্টিং ওআর্কস প্রাইভেট লিমিটেড। ৪৭ গণেশচন্দ্র আ্যাভিনিউ। কলিকাতা ১৩

Barcode: 4990010228195
Title - Janmadine
Author - Tagore, Rabindranath
Language - bengali
Pages - 66
Publication Year - 1941

